# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৪৫. আল্লাহর প্রতি সন্তুষ্ট হওয়া

আমাদের জানা উচিত যে, আমরা যদি তার প্রতি সন্তুষ্ট থাকি, তবে তিনিও আমাদের প্রতি সন্তুষ্ট থাকবেন। অতএব আপনি যদি অল্প পরিমাণ রিযিকে সন্তুষ্ট থাকেন তবে তিনিও আপনার অল্প আমলে সন্তুষ্ট হয়ে যাবেন। অবস্থা যাই-ই হোক না কেন (তার বাছ-বিচার না করে) আপনি যদি সন্তুষ্ট থাকেন, তবে আপনি দেখতে পাবেন যে আপনি আপনার প্রভুর সন্তুষ্টি অর্জন করেছেন এবং বুঝতে পারবেন যে, আল্লাহ তার সন্তুষ্ট একনিষ্ঠ বান্দাদের উপর সর্বাপেক্ষা অধিক সন্তুষ্ট হন। অপরপক্ষে আছে মুনাফিকরা, আল্লাহ তাদের আমলকে প্রত্যাখ্যান করেন চাই তাদের আমল কম হোক বা বেশি হোক। আল্লাহ যা অবতীর্ণ করেন, তারা তাতে অসন্তুষ্ট এবং তারা তার সন্তুষ্টি চাইতে ঘৃণা বা অপছন্দ করে। এভাবে তাদের আমল বৃথা সম্পাদিত হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন